



সুরক্ষা সেবা বিভাগ ও অধীনস্থ অধিদপ্তরসমূহের ইনোভেশন টিমের ২০২০-২১ অর্থ বছরের প্রথম সভার কার্যবিবরণী

সভাপতি	ড. তরুণ কান্তি শিকদার অতিরিক্ত সচিব
সভার তারিখ	০৭.১০.২০২০ খ্রিস্টাব্দ
সভার সময়	বেলা ১১.০০টা
স্থান	Zoom Online Platform
উপস্থিতি	পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। অতঃপর সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য সভাপতি সদস্য-সচিবকে অনুরোধ করেন। সদস্য-সচিব নিম্নরূপভাবে আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন:

১.০ আলোচ্য সূচি-১: সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহের ন্যূনতম ০১ (একটি) করে সেবা পদ্ধতি সহজিকরণ চূড়ান্তকরণ।

১.১ আলোচনা: সভায় উপস্থিত সদস্যবৃন্দ সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২০-২১ এর প্রতিটি কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা করেন। সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২০-২১ এর কার্যক্রম ১২.১ অনুযায়ী ন্যূনতম একটি সেবা পদ্ধতি সহজিকরণের পাইলটিং বাস্তবায়নের অফিস আদেশ ১৫.১০.২০২০ তারিখের মধ্যে জারি করার লক্ষ্যে সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহ ন্যূনতম একটি সেবা পদ্ধতি সহজিকরণ চূড়ান্ত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

১.২ সিদ্ধান্ত:

- ক) সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহ ন্যূনতম একটি সেবা পদ্ধতি সহজিকরণের বিষয় চূড়ান্ত করবে।
- খ) ১৫.১০.২০২০ তারিখের মধ্যে সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহ সেবা সহজিকরণের পাইলটিং বাস্তবায়নের অফিস আদেশ জারি করবে।
- গ) অফিস আদেশ স্ব স্ব অফিসের ওয়েবসাইটের অফিস আদেশ ও ইনোভেশন কর্নার অংশে আপলোড করবে।

২.০ আলোচ্য সূচি-২: বিবিধ।

২.১ আলোচনা: সভায় উপস্থিত সদস্যবৃন্দ অক্টোবর ২০২০ এর মধ্যে উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে একটি ০১(এক)টি দিনের কর্মশালা/সেমিনার অথবা উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০১(এক)টি দুই দিনের প্রশিক্ষণ অথবা সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০১(এক)টি দুই দিনের প্রশিক্ষণ আয়োজন, ২০২০-২১ অর্থ বছরের জন্য উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহবান এবং প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলো যাচাই-বাছাই, দেশে শিক্ষা সফর, উদ্ভাবন খাতে বাজেট বরাদ্দ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।

২.২ সিদ্ধান্ত:

ক) সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহ অক্টোবর ২০২০ এর মধ্যে উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে একটি ০১(এক)টি দিনের কর্মশালা/সেমিনার অথবা উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০১(এক)টি দুই দিনের প্রশিক্ষণ অথবা সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০১(এক)টি দুই দিনের প্রশিক্ষণ আয়োজন করবে।

খ) সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহ অক্টোবর ২০২০ এর মধ্যে উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহবান এবং প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলো যাচাই-বাছাইপূর্বক চূড়ান্ত করবে। অধিদপ্তরসমূহ অক্টোবর ২০২০ এর মধ্যে অনুমোদিত উদ্ভাবনী ধারণাগুলো (Concept Paper সহ) সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করবে।

গ) অধিদপ্তরসমূহ অক্টোবর ২০২০ এর মধ্যে দেশে শিক্ষা সফরের জন্য প্রস্তাব সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করবে। প্রস্তাবনাসমূহ হতে যাচাই-বাছাইপূর্বক নভেম্বর ২০২০ এর মধ্যে দেশে শিক্ষা সফরের কার্যক্রম সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

ঘ) অধিদপ্তরসমূহ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২০-২১ এর কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার জন্য উদ্ভাবন খাতে (কোড নম্বর-৩২৫৭১০৫) প্রয়োজনীয় বাজেট বরাদ্দ রাখার জন্য উদ্যোগ গ্রহণ করবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ড. তরুণ কান্তি শিকদার
অতিরিক্ত সচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ
- ২) জনাব মল্লিক সাঈদ মাহবুব, যুগ্মসচিব ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
- ৩) জনাব মো: মনিরুজ্জামান, উপসচিব ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
- ৪) জনাব মো: আইয়ুব হোসেন, প্রোগ্রামার ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
- ৫) নিপু হালদার, সহঃ প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ
- ৬) অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ অনুবিভাগ) এর প্রশাসনিক কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ



মোঃ আবদুল কাদির

উপসচিব ও সদস্য সচিব, ইনোভেশন টিম